

২২৩

মোডক্যাল

কলেজে ভর্তি

পরীক্ষা

মোডক্যাল কলেজে ভর্তি সংক্রান্ত নতুন নিয়মে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ অনিয়মিত ছাত্রদের ক্ষেত্রে ভর্তি সংক্রান্ত লিখিত পরীক্ষায় প্রাপ্ত মোট নম্বর থেকে শতকরা আড়ম্ব নম্বর বাদ দেয়া হচ্ছে। একজন ছাত্র বহুজন দৃষ্টিন্দ্য, যাতায়াত বিঘ্ন, গুরুত্বর অসুস্থতা, প্রাকৃতিক বিপর্যয় প্রভৃতি কারণে হয়ত বা কোন বছর উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অংশগ্রহণ করতে অক্ষম হয়ে পড়ে। ফলে পরবর্তী বছর তারা অনিয়মিত পরীক্ষার্থী হিসাবে পরীক্ষায় অংশগ্রহণ করে। কিন্তু উচ্চ মাধ্যমিক পরীক্ষায় আশানুরূপ ফলাফল করা সম্ভবও শব্দমাত্র এক বছর অনিয়মিতের জন্য মোডক্যাল কলেজে ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বর থেকে আড়াই নম্বর বাদ দেয়া হয়। বর্তমান নিয়মে খুবই প্রতিযোগিতামূলক এ ভর্তি পরীক্ষায় অনিয়মিত ছাত্রদের প্রতি আবিচার করা হচ্ছে বলে আমরা মনে করি। কারণ এই সামান্য আড়াই নম্বর বাদ দেয়ার ফলে তুমুল প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ এই পরীক্ষায় ফলাফলে যথেষ্ট পার্থক্য দেখা দেয়।

স্বস্বত বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষায় অনিয়মিত ছাত্রদের নিয়মিতদের সমান সুযোগ প্রদান করা হয়। তাই অনিয়মিত ছাত্রদের ভর্তি পরীক্ষায় নিয়মিত ছাত্রদের সমান সুযোগ প্রদান করে প্রকৃত মেধা যাচাইয়ের সুযোগ দেয়ার বিষয়টি

জনমত

বিবেচনা করা হবে বলে আমরা প্রত্যাশা করি।

—মোঃ মশিউর রহমান
১৪/১০, নিউ চাষাড়া
নারায়ণগঞ্জ-১৪০০